AN OIFIG UM CHOSAINT IDIRNÁISIÚNTA
INTERNATIONAL PROTECTION OFFICE

**IPO (SP) 05**

# তথ্যবিবরণী

# ইউরোপীয়ইউনিয়ন (সহায়কসুরক্ষা) বিধিনিয়ম, 2017

এইবিজ্ঞপ্তিশুধুমাত্রতথ্যএবংনির্দেশনারজন্য। এটাবিধিনিয়মেরকোনআইনিব্যাখারজন্যদেওয়াহয়নি

## 1. এসববিধিনিয়মকেনদেওয়াহয়েছে?

1.1 ইউরোপীয়ইউনিয়ন (সহায়কসুরক্ষা) বিধিনিয়ম,2017[1](2017এরবিধিনিয়ম ) যা কিছু শ্রেণীর মানুষের সহায়ক সুরক্ষার দরখাস্তের সাথে সম্পর্কযুক্ত সেটি 2 অক্টোবর 2017 হতে কার্যকর হবে। ইউরোপীয় ইউনিয়নের কোর্ট অব জাস্টিস (Court of Justice of the European Union(the CJEU)) এর আইনশাস্ত্র অনুশাসনের জন্য এসব আইন বাস্তবায়ন করা হয়েছে এবং এক্ষেত্রে কেসগুলো হল C-429/15 E.D v সমতা এবং বিচার বিষয়ক মন্ত্রী ECLI:EU:C:2016:789 এবং একই কেসের আপিলের আদালত E.D. v সমতা এবং বিচার বিষয়ক মন্ত্রী(No.2) [2017] IECA20.

1.2 2017 বিধিনিয়মেরঅধীন দরখাস্ত প্রক্রিয়া আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর(International Protection Office (IPO)) দ্বারা নিয়ন্ত্রিত হবে।

## 2. কাদের জন্য 2017 বিধিনিয়ম প্রযোজ্য হবে?

2.1 আপনি যদি রাজ্যে শরনার্থী হিসেবে বিবেচিত হতে অস্বীকৃত হয়ে থাকেন,10অক্টোবর 2006 থেকেকার্যকরইউরোপীয় কমিউনিটি (সুরক্ষার জন্য যোগ্যতা) বিধিনিয়ম 2006 (2006 বিধিনিয়ম)[2]–এরশুরুথেকে এবং আপনি 2006বিধিনিয়ম বা ইউরোপীয় ইউনিয়ন (সহায়ক সুরক্ষা) বিধিনিয়ম 2013 (2013 বিধিনিয়ম)[3] এর অধীনে বারবার সুরক্ষা আবেদনের জন্য ডাক পেয়েছিলেন এবং:

a) আপনি কোন দরখাস্ত করেননি কারণ আপনি বিশ্বাস করেছিলেন যে 15দিনের সময়সীমা শেষ হয়ে যাওয়ার কারণে তা আর গ্রহণযোগ্য হবে না, অথবা

b) আপনি সহায়ক সুরক্ষার জন্য দেরী করে আবেদন করেছিলেন, যে আবেদনটির জন্য15 দিনের সময়সীমা শেষ হয়ে যাওয়ায়তাবিবেচিত অথবা তদন্তাধীন হয়নি, 2017 বিধিনিয়মের ভিত্তিতে,

---

[1]S.I. No. 409 of 2017

[2]S.I. No. 518 of 2006

[3]S.I. No. 426 of 2013

আপনি এখন সেসব বিধিনিয়মের আওতায় সহায়ক সুরক্ষার দরখাস্ত করতে উপযুক্ত।

## 3. 2017বিধিনিয়মের অধীনে দরখাস্ত করতে চাইলে আমাকে কোন শর্ত পূরণ করতে হবে?

3.1 2017 বিধিনিয়মের অধীনে এই প্রক্রিয়া সম্পন্ন করতে চাইলে আপনাকে নিম্নোক্ত চাহিদা পূরণ করতে হবেঃ

i. আপনাকে রাষ্ট্রে2 অক্টোবর 2017 তারিখে উপস্থিত থাকতে হবে।

ii. আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরে ( International Protection Office ) সশরীরে উপস্থিতথেকে আবেদন করতে হবে।

3.2 আপনি যদি এই রাষ্ট্রে বা ইউরোপীয় ইউনিয়নের কোন সদস্য রাষ্ট্রে অনুমোদিত শরনার্থী স্বীকৃতি বা সহায়ক সুরক্ষা পেয়ে থাকেন, তবে আপনি এই প্রক্রিয়ার জন্য উপযুক্ত নন।

## 4. আমি কিভাবে 2017 বিধিনিয়মের অধীনে সহায়ক সুরক্ষার আবেদন করতে পারবো এবং আমাকে কি কি তথ্য সরবরাহ করতে হবে?

4.1 2017বিধিনিয়মের আওতায় সহায়ক সুরক্ষা প্রক্রিয়ার অনুরোধের জন্য নিম্নোক্ত শর্তগুলো পূরণ করতে হবেঃ

i. 2অক্টোবর 2017 থেকে শুরু করে 30 কার্যদিবসের মধ্যে(2 অক্টোবর 2017 থেকে 13 নভেম্বর 2017পর্যন্ত)দরখাস্তটি **সশরীরে উপস্থিত** হয়ে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরেপ্রধান আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীকের নিকট জমা দিতে হবে।

ii. আবেদন অবশ্যই **(IPO (SP) 01)ফর্ম** এর মাধ্যমে করতে হবে যা2017 বিধিনিয়মের পর্ব 1 এনির্দিষ্ট ছিলবা অনুরুপ একটি ফর্ম ব্যবহার করতে হবে।

iii. আপনাকে অবশ্যই ফর্ম এর সাথে একটি **সংবিধিবদ্ধ নির্দেশ (IPO (SP) 02)** দিতে হবে যা 2017বিধিনিয়মের পর্ব 2 এ নির্দিষ্ট ছিল। সম্পূর্ণ সংবিধিবদ্ধ নির্দেশ[4]অবশ্যই,আন্তঃ আলিয়া, রাষ্ট্র

-আপনি যে ভিত্তিতে 2017বিধিনিয়মের অধীনে আবেদন করার উপযুক্ত,
-রাষ্ট্র এবং অন্যান্য ইউরোপীয় ইউনিয়ন সদস্য রাষ্ট্রে আপনাকে শরনার্থীর মর্যাদা দেয়া হয়নি অথবা সহায়ক সুরক্ষা দেয়া হয়নি, এবং
-আপনি 2 অক্টোবর, 2017 তারিখেরাষ্ট্রে উপস্থিত ছিলেন।

4.2 যদি আপনার আবেদনপত্র IPO তে প্রক্রিয়াধীনের জন্য গৃহীত হয়, এটা প্রক্রিয়া অনুযায়ী সাক্ষাতকারের জন্য নির্ধারিত হবে। যখন আবেদনপত্র জমা দিবেন, 2013 এর বিধিনিয়ম অনুযায়ী আপনার দাবীকে সমর্থন করতে পারে এমন অতিরিক্ত তথ্য দিতে পারেন।

[4]বিজ্ঞপ্তিঃসংবিধিবদ্ধনির্দেশনোটারিপাবলিকেরমধ্যেঘোষণাকরতেহবে, শপথেরজন্যএকটিকমিশনার, একটিশান্তি,কমিশনারঅথবাআইনদ্বারাস্বীকৃতএকটিব্যক্তিযিনিসংবিধিবদ্ধনির্দেশগ্রহণকরবেন।

## 5. আমি কোথায় আবেদংপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র পাবো?

5.1 **(IPO (SP) 01)** আবেদনপত্রটি, সংশ্লিষ্ট সংবিধিবদ্ধ নির্দেশ **(IPO (SP)02)** এবং অন্যান্য তথ্য ব্যক্তিগতভাবে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরে গিয়ে অথবা টেলিফোনে IPO তে যোগাযোগ করে সংগ্রহ করা যেতে পারে। পরবর্তী ধাপ হিসেবে সেই তথ্য পোস্টের মত করে আপনার কাছে পৌঁছে যাবে। যখন আপনি ব্যক্তিগতভাবে IPO তে কল করবেন অথবা টেলিফোন এর মাধ্যমে IPO তে যোগাযোগ করেন, আপনার পরিচয় প্রমাণের জন্য কিছু তথ্য জিজ্ঞাসা করা হবে এবং এতে এটাও প্রমাণ করতে হবে জন্য যে 2006বিধিনিয়মের সূচনার পর থেকে আপনি শরনার্থীর মর্যাদা থেকে বঞ্চিত আছেন।

## 6. আমি কোথায় আমার আবেদনপত্র ফেরত দিবো?

6.1 পূর্ণ আবেদনপত্র ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্র অবশ্যই 2 অক্টোবর 2017 থেকে শুরু করে 13 নভেম্বর 2017 পর্যন্ত সময়ে সশরীরে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরেজমা দিতে হবে।

6.2 ঠিকানাটি নিচে দেয়া হল:
**International Protection Office,**
**Irish Naturalisation and Immigration Service,**
**79-83 Lower Mount Street,**
**Dublin 2. D02 ND99**

টেলিফোনঃ +353 1 602 8008 (গ্রাহকপরিষেবাকেন্দ্র)
ফ্যাক্সঃ + 353 1 602 8122
ইমেইলঃinfo@ipo.gov.ie

## 7. IPO তে কি হবে?

7.1 যখন আপনি আপনার সম্পূর্ণ কাগজপত্র নিয়ে সহায়ক সুরক্ষার জন্য IPO তে অংশ নেবেন, 2017বিধিনিয়ম অনুযায়ী, আপনার আবেদনের যোগ্যতা এবং আপনি রাষ্ট্রে আগে শরনার্থী মর্যাদা থেকে অস্বীকৃত হয়েছেন তার সত্যতা যাচাই করে একজন কর্মকর্তা আপনার আবেনপত্র নিবন্ধিত করবেন।

7.2 দয়া করে শরনার্থী মর্যাদার জন্য আপনার পূর্ববর্তী আবেদনের সাথে সম্পৃক্ত যেকোন তথ্য নিয়ে আসুন (আবেদনের তারিখ, সিদ্ধান্তের তারিখ, রেফারেন্স নাম্বার ইত্যাদি)।

7.3 যাচাই করার প্রক্রিয়ার অংশ হিসেবে আপনাকে আপনার আঙ্গুলের ছাপ দিতে বলা হবে।

## 8. সহায়ক সুরক্ষার জন্য কে আমার আবেদনপত্র প্রক্রিয়া করবে?

8.1 যদি গ্রহণযোগ্য হওয়ার জন্য 2017 বিধিনিয়ম অনুযায়ী আপনার সমস্ত শর্ত পূরণ হয়, আপনার আবেদনপত্র আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরের একজন আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীক দ্বারা 2013 ইউরোপীয় ইউনিয়ন (সহায়ক সুরক্ষা) বিধিনিয়ম অনুযায়ী প্রক্রিয়াধীন হবে।

8.2 **নির্দিষ্ট সময়ে IPO আপনার সাথে আপনার সহায়ক সুরক্ষা সাক্ষাৎকারের কার্যক্রমের ব্যাপারে যোগাযোগ করবে, একবার আপনার আবেদন গ্রহণ হয়ে গেলে, এই বিষয়ে সরাসরি বা পরোক্ষভাবে আপনার আর IPO এর সাথে যোগাযোগ করার প্রয়োজন নেই।**

## 9. আইনি পরামর্শ

9.1 2017বিধিনিয়মের অধীনে আপনি আবেদনের যোগ্য কিনা সেক্ষেত্রে আপনাকে আইনি পরামর্শ নিতে উপদেশ দেয়া যাচ্ছে।

## 10. জিজ্ঞাসা

10.1 এই আবেদন প্রক্রিয়া সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে দয়া করে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরে যোগাযোগ করুন– যোগাযোগের ঠিকানা উপরে উল্লেখ করা আছে।

## 11. সহায়ক সুরক্ষা সম্পর্কিত তথ্য

11.1 সহায়ক সুরক্ষার ব্যাপারে তথ্য এই তথ্য বিজ্ঞপ্তিরপরিশিষ্ট**(Annex)** অংশে উল্লেখ আছে।

**ANNEX** ( পরিশিষ্ট )

## সহায়ক সুরক্ষা সম্পর্কিত তথ্য

### 1. 2013 এর বিধিনিয়মের উদ্দেশ্য

1.1 2013 এর ইউরোপীয় ইউনিয়ন (সহায়ক সুরক্ষা) বিধিনিয়ম14 নভেম্বর 2013 তারিখে বা পরে রাষ্ট্রে সম্পন্ন সহায়ক সুরক্ষার আবেদনপত্র তদন্ত ও নির্ধারণের পদ্ধতি দেয়।

### 2. সহায়ক সুরক্ষা কি?

2.1 সহায়ক সুরক্ষা এমন এক ধরণের সুরক্ষা যেটি এমন ব্যক্তির জন্য প্রযোজ্য হবে যিনি উদ্বিগ্ন এবং সেক্ষেত্রে উপযুক্ত কারণ দেখানো হয়েছে এই মর্মে যে ব্যক্তিটি, যদি তিনি তার দেশে ফিরে যান, তিনি মারাত্মক ক্ষতির স্বীকার হতে পারেন এবং যিনি অসমর্থ্য অথবা এমন ক্ষতির মুখে পড়বেন, যে তিনি সে দেশের নিরাপত্তায় নিজেকে জড়াতে অনিচ্ছুক, এবং যিনি সহায়ক সুরক্ষা আইনের জন্য অযোগ্য বিবেচিত হননি।

2.2 <u>মারাত্মক ক্ষতি</u>অর্থাৎ–

(a) মৃত্যুদন্ড বা ফাসি,অথবা

(b) নিজ দেশে নির্যাতন বা অমানবিক বা অবমাননাকর আচরণ বা শাস্তি এর শিকার হওয়া; বা

(c) আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ সশস্ত্র সংঘাতজনিত সহিংসতা বশত কারণে বেসামরিক জীবনপ্রবাহের মারাত্মক ও একক হুমকির শিকার হওয়া

2.3 আপনি যদি সহায়ক সুরক্ষার জন্য বিবেচিত হন, আপনাকে রাষ্ট্রে থাকার অনুমতি দেয়া হবে এবং আপনি কতিপয় অধিকার এবং কর্ম সুবিধার জন্য বিবেচিত হবেন। সেসব অধিকার এবং কর্ম 2013 এর বিধিনিয়মে উল্লেখ আছে।

### 3. কারা সহায়ক সুরক্ষা পাওয়ার যোগ্য?

3.1 আপনি যখন আবেদন করেছেন তখন আপনি এই রাষ্ট্রেই ছিলেন এটা উল্লেখ করে, আপনি 2013 এর বিধিনিয়ম অনুযায়ী সহায়ক সুরক্ষার জন্য যোগ্য হবেন যদিঃ

(a) আপনি ইউরোপীয় ইউনিয়নের কোন সদস্য রাষ্ট্রের নাগরিক নন,
(b) আপনি আয়ারল্যান্ডে শরনার্থী হিসেবে প্রত্যাখ্যাত হয়েছেন,
(c) যথাযথ প্রমাণ দেখানো হয়েছে এটা বিশ্বাসযোগ্য করতে যে, আপনার নিজ দেশে ফিরে যেতে হলে, আপনি মারাত্মক ক্ষতির সম্মুখীন হবেন এবং আপনি অসমর্থ্য, অথবা এমন ক্ষতির মুখে পড়বেন, যে আপনি সে দেশের নিরাপত্তাগ্রহণকরতে অনিচ্ছুক, এবং
(d) আপনি যোগ্যতার তালিকা থেকে বাদ পড়েননি।

3.2 2013 এর বিধিনিয়ম অনুযায়ী আপনি সহায়ক সুরক্ষার যোগ্য তালিকা থেকে বাদ যাবেন যদি আপনাকে এটা বিবেচনার গুরুত্বপূর্ণ কারণ থাকে যে আপনি–

(a) শান্তি বিরোধী অপরাধ করেছেন, কোন যুদ্ধাপরাধ, বা মানবতাবিরোধী অপরাধ,যেমনটি আন্তর্জাতিক তালিকায় উল্লেখ করা আছেএমন অপরাধ;
(b) কোন মারাত্মক অপরাধ করে ফেলেছেন;
(c) এমন কাজ সম্পন্ন হয়েছে যা ইউনাইটেড নেশনস এর প্রস্তাবনা ও প্রবন্ধ 1 ও 2 অনুসারে জাতিসংঘের উদ্দেশ্য ও বিধিনিয়মের বিপরীতে কাজ করার অপরাধে অপরাধী হয়েছে, অথবা
(d) আপনি রাষ্ট্রের নিরাপত্তা অথবা সমাজের জন্য আতঙ্ক সৃষ্টি করেছেন।

3.3 আপনি সহায়ক সুরক্ষার অযোগ্য হবেন যদিঃ

(i) এটা বিবেচনার পেছনে গুরুত্বপূর্ণ কারণ আছে যে আপনি প্ররোচিত অথবা অন্যথায় কোন বেআইনি কাজে অংশ নিয়েছেন অথবা অনুচ্ছেদ3.2 (a) থেকে(d) তে বর্ণিত কাজে অংশ নিয়েছেন,

(ii) আপনি আপনার নিজ দেশ ত্যাগ করেছেন মূলতঅপরাধের ফলে নিষেধাজ্ঞা এড়াতে ( কিন্তু 3.2 অনুচ্ছেদের (a) থেকে(d) পর্যন্ত উল্লেখিত অপরাধ তালিকা নয় ) যে অপরাধ এ রাষ্ট্রে আসার ঠিক পূর্বমূহুর্তে ঘটিয়েছেন এবং সে অপরাধ এই রাষ্ট্রে ঘটলে তার শাস্তি হতো কারাগারে প্রেরণ।

## 4. রাষ্ট্রে কারা সহায়ক সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন?

4.1 2013 এর বিধিনিয়ম অনুসারে, সহায়ক সুরক্ষার জন্য আবেদন করতে পারবেন সেই ব্যক্তি যিনি–

(i) যিনি রাষ্ট্রের মধ্যে আছেন,এবং

(ii) আয়ারল্যেন্ডের শরণার্থী হিসেবে যাকে প্রত্যাখ্যাত করা হয়েছে।

## 5. আমার সহায়ক সুরক্ষার আবেদনটি আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর দ্বারা কিভাবে তদন্ত করা হবে?

5.1 আপনার সহায়ক সুরক্ষার জন্য আবেদন2013 এর বিধিনিয়ম অনুযায়ীএকজন আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীকদ্বারা তদন্ত ও নির্ধারণ করা হবে।

5.2 সহায়ক সুরক্ষা আবেদন প্রক্রিয়ার অংশ হিসেবে আপনাকে আপনার আবেদনপত্র অনুযায়ী একটি সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে হবে। সাক্ষাৎকারের উদ্দেশ্য হল সহায়ক সুরক্ষার জন্য আপনার সকল দাবি যাচাই করা।

5.3 নির্দিষ্ট তারিখ এবং সময় অনুযায়ী একজন আবেদনপ্রার্থীকে অবশ্যই আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরে সাক্ষাৎকারে অংশগ্রহণ করতে হবে। অন্যথায় তার আবেদন বাতিল করা হবে।

5.4 একজন আবেদনকারী আন্তর্জাতিক সুরক্ষা অফিসের প্রধান সুরক্ষা আদিকারীকের কাছে তার লেখায় বিবৃতি রাখতে পারেন (তার দাবিকে সমর্থন করে এমন প্রয়োজনীয় কাগজপত্রসহ) যা তদন্তের সাথে সম্পৃক্ত যেকোন ঘটনা বা বিষয় হতে পারে। প্রধান আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীক/আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর2013 এর বিধিনিয়ম অনুসারে সাক্ষাৎকারের আগে অথবা সাক্ষাৎকারের সময় জমাকৃত সেই বিবৃতি বিবেচনা করে দেখবেন। ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিস কিংবা অন্য কোন যথাযথ ব্যক্তি দ্বারাও বিবৃতি করা যেতে পারে।

5.5 যেকোনসাক্ষাৎকারেরসময় প্রয়োজনীয় যোগাযোগ নিশ্চিত করতে আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরের পক্ষ থেকেএকজন অনুবাদক দেয়া হবে ।

## 6. আবেদনের প্রক্রিয়ার রুপরেখা

6.1 সহায়ক সুরক্ষা আবেদন ব্যবস্থাপনার প্রক্রিয়ার একটি রুপরেখানিম্নে বর্ণিত হলঃ

(i) প্রধান আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীক/আন্তর্জাতিক সুরক্ষা দপ্তরআপনার আবেদনের ভিত্তিতে আপনার সাক্ষাৎকারের ব্যবস্থা করে দেবেন।

(ii) সাক্ষাৎকারের পর আপনার আবেদনের উপর করা তদন্তের ভিত্তিতে একটি লিখিত রিপোর্ট তৈরি করা হবে এবং আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীক নিজেবিচারএবংসমতামন্ত্রীর কাছে সুপারিশ করবেন যে আপনি সহায়ক সুরক্ষার জন্য উপযুক্ত কিনা।

(iii) নেতিবাচক সুপারিশের ক্ষেত্রে আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীকের নেতিবাচক সুপারিশের নোটিশ পাঠানোর 15 কার্যদিবসের মধ্যে আপনি আন্তর্জাতিক সুরক্ষা আপিল ট্রাইব্যুনাল ("দ্যা ট্রাইব্যুনাল") এ আপিল করতে পারবেন। ট্রাইব্যুনাল একটি মৌখিক শুনানির ব্যবস্থা করবে যেখানে আবেদনকারী নিজের আপিল নোটিশের মাধ্যমে অনুরোধ জানাবে নতুবা কোন মৌখিক শুনানি ছাড়াই আপিলের ফলাফল নির্ধারণ করা হবে।

(iv) আন্তর্জাতিক সুরক্ষা আদিকারীকের সুপারিশ অথবা ট্রাইব্যুনালের সিদ্ধান্তের উপর ভিত্তি করে, সচিব 2013 এর বিধিনিয়ম অনুসারে নির্ধারণ করবেন যে আপনাকে সহায়ক সুরক্ষা দেয়া হবে কিনা।

6.2 যদি আপনার সহায়ক সুরক্ষা আবেদন মন্ত্রী দ্বারা প্রত্যাখ্যাত হয়, আপনাকে নিম্নোক্তভাবে লিখিত নোটিশ পাঠানো হবেঃ

(a) সহায়ক সুরক্ষার জন্য আপনার আবেদন মঞ্জুর করা হলো না;
(b) আপনার এই রাষ্ট্রে অবস্থানের সময় শেষ;
(c) অভিবাসন আইন 1999 এর সেকশান 3 অনুযায়ী মন্ত্রী আপনার জন্য নির্বাসন আদেশ দিচ্ছেন যার মানে আপনাকে এই রাষ্ট্র ছেড়ে চলে যেতে হবে; এবং
(d) কেন আপনাকে রাষ্ট্রে থাকতে দেওয়া উচিত তা ব্যাখা করে আপনি 15 দিনের মধ্যে মন্ত্রীর কাছে বিবৃতি দেওয়ার সুযোগ পাবেন।

**7. অন্যান্য তথ্য**

7.1 সুরক্ষা সহায়তার জন্য আপনার আবেদনের ক্ষেত্রে সম্পৃক্ততার প্রেক্ষিতেএকজন আইনজীবীর সাথে পরামর্শ করার এবং আইন সহায়তা বোর্ডের সেবা (Legal Aid Board(LAB))নেয়ার অধিকার আপনার আছে। LAB হলো এমন একটি স্বাধীন সংস্থা যেটি আয়ারল্যান্ডে সুরক্ষার আবেদন করেছে এমন মানুষদের গোপন আইন সহায়তা দেয়। LAB আপনার আবেদনপত্রের সমর্থনে আইনি পরামর্শ এবং সহায়তা দেবে। বিপরীতভাবে, আপনি আপনার নিজ খরচে একজন ব্যক্তিগত আইনজীবীর সেবা নিতে পারেন। আপনি ইউনাইটেড নেশনস হাই কমিশনার ফর রিফিউজিসএর সাথেও আলোচনা করতে পারেন।

7.2 সহায়ক সুরক্ষার আবেদনের প্রেক্ষিতে চূড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত আপনার রাষ্ট্রে থাকার অনুমতি আছে। এ বিষয়ে কার্যকারীতার জন্য মন্ত্রী আবেদনকারীদের চিঠি দিবেন।

7.3 এই তথ্য বিজ্ঞপ্তির সাথে বিবেচিত হয়নি এমন অন্যান্য প্রক্রিয়া কার্যের জন্য, সহায়ক সুরক্ষার জন্য উপযুক্ত ব্যাক্তির অধিকার ও যোগ্যতার বিস্তারণের জন্য এবং যার জন্য সহায়ক সুরক্ষা নির্দেশ বলপূর্বক প্রযোজ্য তাদের ক্ষেত্রে 2013 এর বিধিনিয়ম বিবেচিত হবে।

**আন্তর্জাতিক সুরক্ষা দপ্তর**

**22 সেপ্টেম্বর 2017**

**কিছু প্রয়োজনীয় যোগাযোগ**

**International Protection Office**
Irish Naturalisation and Immigration Service,
79-83 Lower Mount Street,
Dublin 2.
D02 ND99

টেলিফোনঃ +353 1 602 8000
ফ্যাক্সঃ + 353 1 602 8122
ইমেইলঃ info@ipo.gov.ie
ওয়েবসাইটঃwww.ipo.gov.ie

**International Protection Appeals Tribunal**
6/7 Hanover Street,
Dublin 2.
D02 W320

টেলিফোনঃ +353 1 474 8400
লো–কলঃ 1890 210 458
ফ্যাক্সঃ +353 1 474 8410
ইমেইলঃ info@protectionappeals.ie
ওয়েবসাইটঃ www.protectionappeals.ie

**Legal Aid Board (Smithfield)**
48/49 North Brunswick Street,
Georges Lane,
Dublin 7.
D07 PE0C

টেলিফোনঃ(01) 646 9600
ফ্যাক্সঃ (01) 671 0200
ইমেইলঃ lawcentresmithfield@legalaidboard.ie

**International Organisation for Migration**
116 Lower Baggot Street,
Dublin 2.
D02 R252

ফ্রি ফোনঃ 1800 406 406
টেলিফোনঃ +353 1 676 0655
ইমেইলঃ iomdublin@iom.int
ওয়েবসাইটঃ www.ireland.iom.int/

**United Nations High Commissioner for Refugees**
102 Pembroke Road,
Ballsbridge,
Dublin 4.
D04 E7N6

টেলিফোনঃ 01 631 4510
ওয়েবসাইটঃwww.unhcr.org